

SEIP প্রকল্পের আওতায় বিনা খরচে কুমুদিনীতে স্পেশালাইজড নার্সিং কোর্সে প্রশিক্ষণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন Skills for Employment Investment Program (SEIP) - এর আওতায় কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালনায় নিম্নলিখিত ০১ (এক) বছর মেয়াদি স্পেশালাইজড নার্সিং কোর্সসমূহে সম্পূর্ণ সরকারী খরচে রেজিস্টার্ড নার্সদের (শুধুমাত্র নারী) প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। এই প্রশিক্ষণের উদ্দেশ্য হলো দেশে স্বাস্থ্যখাতে বিশেষ দক্ষতাসম্পন্ন জনশক্তি গড়ে তুলে কর্মসংস্থানের ব্যবস্থা করা। এই উদ্দেশ্যে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে নিম্নোক্ত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

কোর্সসমূহের নাম ও শিক্ষাগত যোগ্যতা

ক্র.নং	স্পেশালাইজড নার্সিং কোর্স	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	যোগাযোগ
০১	ডিপ্লোমা ইন রেনাল নার্সিং	ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি/বিএসসি ইন নার্সিং (বেসিক বা পোস্ট বেসিক) এবং বিএনএমসি থেকে রেজিস্ট্রেশনপ্রাপ্ত রেজিস্টার্ড নার্স	01751-244999 01755-649832 01816-863806
০২	ডিপ্লোমা ইন পেডিয়াট্রিক নার্সিং		
০৩	ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার নার্সিং		
০৪	ডিপ্লোমা ইন ট্রমা নার্সিং		
০৫	ডিপ্লোমা ইন অনকোলজি নার্সিং		
০৬	ডিপ্লোমা ইন কার্ডিয়াক নার্সিং		

ভর্তি সংক্রান্ত সাধারণ শর্তাবলী

- শুধুমাত্র নারী রেজিস্টার্ড নার্সগণ আবেদন করতে পারবেন এবং বয়স ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।
- আবেদন করার শেষ তারিখ ১৫ ফেব্রুয়ারি, ২০২৩। আবেদনপত্র ডাকযোগে অথবা ইমেইল-এ পাঠানো যাবে (ইমেইলঃ office@kumudininursing.edu.bd অথবা info@kwt-seip.com এবং ডাকযোগে আবেদনের ঠিকানাঃ কুমুদিনী নার্সিং কলেজ, কুমুদিনী কমপ্লেক্স, মির্জাপুর-১৪৯০, টাঙ্গাইল)।
- প্রশিক্ষার্থী বাছাই পরীক্ষার তারিখ ও ফলাফল উল্লিখিত প্রশিক্ষণ প্রতিষ্ঠান থেকে জানা যাবে।
- প্রার্থীর পূর্ণ জীবনবৃত্তান্ত, ০২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ আবেদন করতে হবে।
- দরিদ্র, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, প্রতিবন্ধী এবং সুবিধাবঞ্চিত আবেদনকারীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- সরকারী চাকুরীর প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

প্রশিক্ষার্থীদের সুযোগ-সুবিধা

- প্রশিক্ষণ শেষে সাফল্যের সাথে উত্তীর্ণদের বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল (বিএনএমসি) সনদপত্র প্রদান করবে।
- প্রশিক্ষণ শেষে সাফল্যের সাথে উত্তীর্ণদের দেশে ও বিদেশে কর্মসংস্থানের সহায়তা করা হবে।
- প্রশিক্ষণকালীন ছাত্রীদের বিনামূল্যে থাকা ও খাওয়ার ব্যবস্থা রয়েছে।
- প্রশিক্ষণকালে মাসিক ৬,৫০০/= টাকা বৃত্তি প্রদান করা হবে।

বি: দ্র: প্রতি ব্যাচের ৫ জন প্রশিক্ষার্থী উল্লেখযোগ্য ফলাফলের ভিত্তিতে সরকারী খরচে Occupational English Test (OET) কোর্সে অংশগ্রহণের সুযোগ পাবেন, যা বিদেশে কর্মসংস্থানে সহায়ক হবে।

প্রধান সমন্বয়কারী

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট অব বেঙ্গল (বিডি) লিঃ- SEIP